9

# দৈনিক ইনকিলাব

তারিখ ... MAY 10 1999 ..
পৃষ্ঠা 6 কলাম 2

## শিশু শিক্ষা জরিপে অনিয়ম ঃ শিক্ষকদের মাঝে ক্ষোভ

লক্ষীপুরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অবহেলা আর অনিয়মের কারণে ১৯৯১ সালের শিশু শিক্ষা ও স্বাক্ষরতা জরিপ যথাসময়ে হয়নি। সরকারের কোটি কোটি টাকা অপচয় হওয়ার আশংকা দেখা দিয়েছে। অন্যদিকে জরিপ কাজের ফলাফলও আশানুরূপ হবে না বলে ধারণা করা হচ্ছে। এদিকে সারাদেশে কয়েক লাখ প্রাইমারী শিক্ষক-শিক্ষিকা বিভিন্ন প্রতিকূলতার মাঝে উক্ত জরিপ শুরু করলেও পারিশ্রমিক ছাড়াই ২৬, ২৭ ও ২৮ এপ্রিলের মধ্যে সম্পন্ন করার নির্দেশ ছিল। দুঃখজনক হলেও সত্য যে, আগামী ১৫ মের মধ্যে ঐ জরিপ কাজ সম্পন্ন হবে না বলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার লক্ষীপুর এ প্রতিনিধিকে টেলিফোনে জানান। জরিপের নির্দেশিকায় ১১ থেকে ১৩ এপ্রিল জরিপ কাজ পরিচালনা হবে। পরবর্তীতে ঐ নির্দেশিকায় হাতের লেখায় ২৬ থেকে ২৮ এপ্রিল উল্লেখ্য কাজ শুরু করা হয়। জেলা ও থানা পর্যায়ে জরিপ পরিচালনা, তদারকি ও জরিপকারীদের দায়-দায়িত্ব সম্পর্কিত অরিয়েন্টেশনের কথা থাকলেও তা করা হয়নি। জনসাধারণকে জরিপ কাজে উৎসাহিত, উদ্বুদ্ধকরণমূলক বক্তব্য-বিবৃতি কিংবা জরিপকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা থাকা সত্ত্বেও তা করা হয়নি। জেলা ও থানা শিক্ষা কর্মকর্তাগণ স্থানীয় পত্র-পত্রিকায় এরূপ শ্লোগান, বিজ্ঞপ্তি প্রকাশের ব্যবস্থা করার নির্দেশ থাকা সত্ত্বেও তা করা হয়নি।